# বিজেএমসি বুলেটিন

এপ্রিল-মে ১৫

## ID Global ও বিজেএমসি'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর পরবর্তী সভা

বিজেএমসি'র উৎপাদিত পাটপণ্য মধ্যপ্রাচ্য, ইউরোপ ও আফ্রিকার দেশসমূহে বিপণন, বিক্রয় ও ব্র্যান্ডিং এর লক্ষ্যে বিজেএমসি ও ID Global Holding এর সাথে গত ২৪/০৭/২০১৪ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে একটি MOU স্বাক্ষরিত হয়।

গত ১৫/০৫/২০১৫ তারিখে MOU স্বাক্ষর বাস্তবায়ন এবং এর অগ্রগতি বিষয়ে আলোচনা করার জন্য ID Global Holding এর প্রতিনিধিগণ বাংলাদেশ সফরে আসেন। প্রতিনিধিগণ ১৬/০৫/২০১৫ তারিখে বিজেএমসি'র পরিচালক (বিপণন) এর নেতৃত্বে লতিফ বাওয়ানী জুট মিল পরিদর্শন করেন। ১৭/০৫/২০১৫ তারিখে বিজেএমসি'র বোর্ড সভা কক্ষে ID Global Holding এর ৪ (চার) জন বিদেশী প্রতিনিধি [Mr. Sultan Al Gahamdi, Director (Administration & Public Relation), Mr. Mohammad Firoze Asad, Executive Vice President (Investment), Mr. Rumen Beremski, Director for Europe, Mr. Borislav Stefanov, Director for Innestment, Mr. M Shafiqur Rahman, Chief Operating Officer (Local Associate)] এবং বিজেএমসি'র চেয়ারম্যান মহোদয়, পরিচালকবৃন্দ ও কর্মকর্তাদের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়।

সভার মূল প্রতিপাদ্য বিষয় ছিল স্বাক্ষরিত MOU বাস্তবায়ন ও এর অগ্রগতি। ID Global Holding এর পক্ষ থেকে Mr. Mohammad Firoze Asad নিম্নলিখিত বিষয়ে আগ্রহ প্রকাশ করেন:-

১. Future Possibility to invest here.
২. Promote BJMC in Europe market.

পরিশেষে বিজেএমসি'র চেয়ারম্যান মহোদয় বিজেএমসি কর্তৃক আয়োজিত পাটপণ্যের এক প্রদর্শনী দেখার জন্য ID Global Holding এর প্রতিনিধিগণকে আমন্ত্রণ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




*ID Global এর প্রতিনিধিগণ ও বিজেএমসির প্রতিনিধিগণের সঙ্গে Business Networking Programme*

## উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের সাথে বিজেএমসি'র মতবিনিময় সভা

১৮/০৫/১৫ তারিখ সকাল ১১.০০ টার সময় বিজেএমসি'র বোর্ড সভা কক্ষে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর অন্তর্ভূক্ত প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের সাথে বিজেএমসি'র এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিজেএমসি'র চেয়ারম্যান মেজর জেনারেল হুমায়ূন খালেদ (অবঃ)। সভায় আরো উপস্থিত ছিলেন বিজেএমসি'র পরিচালকবৃন্দ, সচিব, জেডিপিসি এবং বিজেএমসি'র অন্যান্য কর্মকর্তাসহ প্রায় ৪০ জন ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোক্তা এবং মিডিয়ার প্রতিনিধিগণ।




*জেডিপিসি এর অন্তর্ভুক্ত ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সাথে বিজেএমসি'র মত বিনিময় সভা*

সভার শুরুতেই পরিচিতি পর্বের মাধ্যমে সভাপতি সবাইকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন এই ফোরামটি আপনাদের জন্য উন্মুক্ত, আপনাদের মূল্যবান পরামর্শ আজকের আলোচনাকে সংবর্ধিত এবং ফলপ্রসু করবে বলে আমি বিশ্বাস করি। বহুমুখী পাটপণ্য উৎপাদনে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ব্যক্তকরণ এবং power point প্রেজেন্টেশনের পর উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণকারীগণ ডাইং, লেমিনেশন, ডিজাইন, দক্ষ জনশক্তির অভাব, কালার, সাবসিডি, ফেব্রিকের উচ্চমূল্য ইত্যাদি প্রতিবন্ধকতা তুলে ধরেন। সেই সাথে বিশ্ব বাজারে তুলনামূলক দরের প্রতিযোগিতায় বহুমুখী পাটপণ্যকে টিকিয়ে রাখতে সরকারি নীতি নির্ধারকদের সুদৃষ্টি কামনা করেন।

উন্মুক্ত আলোচনা শেষে বিজেএমসি'র চেয়ারম্যান সকলের মতামত এবং সময়োপযোগী পরামর্শ প্রদানের জন্য সবাইকে ধন্যবাদ জানান এবং পর্যায়ক্রমে পরামর্শগুলো সংযোজন করার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

## আন্তর্জাতিক অঙ্গনে বিজেএমসি

বিজেএমসি পৃথিবীর সর্ববৃহৎ পাটজাত দ্রব্য উৎপাদনকারী ও রপ্তানীকারী সংস্থা। আন্তর্জাতিক অঙ্গনে গুনগত মানের পাটজাত দ্রব্য রপ্তানী করে বিজেএমসি বেশ প্রশংসিত হয়েছে। বিজেএমসির নিয়ন্ত্রানাধীন মিলগুলি কর্তৃক উৎপাদিত পণ্যের প্রচার, প্রসার, হারিয়ে যাওয়া বাজার পূনরুদ্ধার ও রপ্তানী বৃদ্ধির প্রয়োজনে পৃথিবীর বিভিন্ন দেশে অনুষ্ঠিত মেলাসহ বিভিন্ন সেমিনার ও সিম্পোজিয়ামে বিজেএমসি প্রতিনিধি প্রেরণপূর্বক অংশগ্রহণ করছে।



*বিদেশি ক্রেতাদের সাথে বিজেএমসি'র চেয়ারম্যান মহোদয়*



*তুরস্ক সফররত বাংলাদেশী প্রতিনিধি দল*

## সুইডেনের রাষ্ট্রদূতের সাথে মিটিং

গত ১৯-০৪-১৫ তারিখ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সুইডেনের রাষ্ট্রদূত ও ব্যবসায়ী প্রতিনিধিদলের সাথে মাননীয় মন্ত্রী জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রামাণিক এমপি ও মাননীয় প্রতিমন্ত্রী জনাব মির্জা আজম এমপি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের কর্মকর্তা ও বিজেএমসির চেয়ারম্যানসহ অন্যান্য কর্মকর্তাদের এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সুইডেনে বাংলাদেশের পাটজাতপণ্যের বাজার সম্প্রসারণ, গবেষণা ও মেশিনারিজ সংক্রান্ত বিষয়ে আলোকপাত করা হয়।



*সুইডিস রাষ্ট্রদূতসহ প্রতিনিধিদের সাথে মাননীয় মন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ*



*সুইডেনের রাষ্ট্রদূতসহ প্রতিনিধিদের সাথে সভা*

## বাংলাদেশ জুট গুডস এক্সপোর্টারস এসোসিয়েশন (BJGEA) এর সাথে মিটিং

বিজেএমসির চেয়ারম্যান মেজর জেনারেল হুমায়ূন খালেদ (অবঃ) এর সভাপতিত্বে বাংলাদেশ জুট গুডস এসোসিয়েশন (বিজেজিইএ) এর প্রতিনিধিদলের সঙ্গে গত ১৩/০৪/২০১৫ তারিখে বিজেএমসি প্রধান কার্যালয়ের সভাকক্ষে পাট শিল্পের উন্নয়ন এবং এর প্রতিবন্ধকতা দূরীকরণের জন্য এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বিজেজিইএ এর চেয়্যারম্যান জনাব কামরুল ইসলাম খান (মোনেম)। আলোচনায় বিজেএমসি'র পাটপণ্য রপ্তানীর বিভিন্ন সমস্যা এবং এর সমাধানের বিষয়ে সবাই খোলামেলা আলোচনা করেন। পাট শিল্পকে তথা বিজেএমসিকে সামনের দিকে এগিয়ে নিতে সবার সহযোগিতার বিষয়ে সকলে একমত হন।

## প্রকল্প প্রধানদের সাথে মিটিং

গত ৩০/০৩/২০১৫ তারিখে বিজেএমসির আওতাধীন মিলসমূহের প্রকল্প প্রধানগণের উপস্থিতিতে সকাল ১০.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের সভাকক্ষে বিজেএমসির চেয়ারম্যান মেজর জেনারেল হুমায়ূন খালেদ (অবঃ) এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সংস্থার পরিচালকবৃন্দ, সচিব, মহাব্যবস্থাপকবৃন্দ ও বিভাগীয় প্রধানগণ মিলের পাটক্রয়, উৎপাদন, শ্রমিক সম্পর্ক, পরিকল্পনা, রক্ষণাবেক্ষন, বিপণন, চিকিৎসা ব্যবস্থা, মিলের পরিবেশ, নিরাপত্তা, সেট-আপ, বিদ্যুৎ বিল, গ্যাস বিল, বর্তমান আর্থিক সংকট ও উত্তরণ, লোকবল ও প্রশাসনিক বিষয়সহ অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়। সভায় অনেকগুলো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয় এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। পরিশেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

## রপ্তানী বিভাগীয় প্রধান ও বিপণন বিভাগীয় প্রধানদের সাথে মিটিং

গত ২১/০৫/২০১৫ তারিখ সংস্থার পরিচালক (বিপণন) জনাব কে লেনিন কামাল এর সভাপতিত্বে বিজেএমসি প্রধান কার্যলয়ের বোর্ড কক্ষে বিপণন বিভাগের ৯৯৬ তম "বিক্রয়, উৎপাদন ও রপ্তানী পর্যালোচনা সভা" অনুষ্ঠিত হয়। সভায় প্রধান কার্যালয়ের বিপণন বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা, ঢাকা, চট্টগ্রাম ও খুলনা অঞ্চলের মিলসমূহের প্রধানগণ ও সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় অভ্যন্তরীণ বাজার সহ আন্তর্জাতিক বাজারে পাটপণ্য বিক্রয়ের বিষয়ে বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয় এবং বিক্রয়ের প্রচেষ্টা জোরদার করার জন্য নির্দেশনা দেয়া হয়। বিশেষ করে মালামালের গুনগত মান নিশ্চিতকরণসহ নির্ধারিত সময়ে পাটপণ্য উৎপাদন করে গ্রাহকের কাছে সরবরাহের বিষয় নিশ্চিতকরণের জন্য নির্দেশনা দেয়া হয়।

## চাকুরীতে যোগদান/পদোন্নতি

০১-০৬-২০১৫ তারিখ চিকিৎসা কর্মকর্তা পদে ০২ জন এবং সহকারী চিকিৎসা কর্মকর্তা পদে ০১ জন বিজেএমসিতে যোগদান করেন। ওরিয়েন্টেশন শেষে তাদেরকে সংশ্লিষ্ট মিলে পদায়ন করা হয়েছে।

## চাকুরী থেকে অবসর গ্রহন/পি আর এল সংক্রান্ত

এপ্রিল-মে, ২০১৫ মাসে বিজেএমসি প্রধান কার্যালয়, জোনাল অফিস ও মিল হতে যে সকল কর্মকর্তা পি আর এল- এ গমন করেন তাদের নামের তালিকা:

| ক্র: নং | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | কর্মস্থল | পিআরএল এর তারিখ |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাহাবুবার রহমান লস্কর | সহ-হিসাব কর্মকর্তা | স্টার | ০৪/০৪/২০১৫ |
| ২ | জনাব জিএম ফারুকী | ব্যবস্থাপক (ভান্ডার ক্রয়) | ইউএমসি | ০৯/০৪/২০১৫ |
| ৩ | জনাব পুলিন বিহারী অধিকারী | সহ-হিসাব কর্মকর্তা | আলীম | ১৪/০৪/২০১৫ |
| ৪ | জনাব মোঃ আব্দুল বারী আকন্দ | সহ-হিসাব কর্মকর্তা | ইউএমসি | ২৯/০৪/২০১৫ |
| ৫ | জনাব এসআরখান ইউসুফজাই | উপ-ব্যবস্থাপক (পাট) | বিজেএমসি | ৩০/০৪/২০১৫ |
| ৬ | জনাব মোঃ সোহরাব হোসেন | এসিও (ভান্ডার ক্রয়) | ক্রিসেন্ট | ৩০/০৪/২০১৫ |
| ৭ | জনাব বিজয় কৃষ্ণ সাহা | সহ-হিসাব কর্মকর্তা | ইউএমসি | ০১/০৫/২০১৫ |
| ৮ | জনাব বিশ্বনাথ রায় | সহ-ব্যবস্থাপক (উৎপাদন) | স্টার | ০৪/০৫/২০১৫ |
| ৯ | জনাব আওলাদ হোসেন | সহ-পাটক্রয় কর্মকর্তা | কার্পেটিং | ০৫/০৫/২০১৫ |
| ১০ | জনাব মোঃ জিল্লুর হোসেন খান | এসিও (প্রশাসন/ক্রীড়া) | বিজেএমসি | ০৭/০৫/২০১৫ |
| ১১ | জনাব মোহনলাল হালদার | উপ-ব্যবস্থাপক (উৎপাদন) | খালিশপুর | ০৮/০৫/২০১৫ |
| ১২ | জনাব মোঃ মজিবুর রহমান | উপ-সহঃ প্রকৌশলী (যান্ত্রিক) | লতিফ বাওয়ানী | ১১/০৫/২০১৫ |
| ১৩ | জনাব রেজাউল হক মোল্লা | এসিও (ভান্ডার ক্রয়) | ইষ্টার্ণ | ১৫/০৫/২০১৫ |
| ১৪ | জনাব মোঃ মঞ্জুরুল করিম | সহ-প্রকৌশলী (বিদ্যুৎ) | প্লাটিনাম জুবিলী | ১৮/০৫/২০১৫ |
| ১৫ | জনাব মোঃ আব্দুল সত্তার | সহ-হিসাব কর্মকর্তা | ক্রিসেন্ট | ২২/০৫/২০১৫ |

## শোক বার্তা

বাংলাদেশ পাটকল করপোরেশন শোকস্তব্ধ হৃদয়ে মহান আল্লাহ পাকের নিকট নিম্নবর্ণিত মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং শোক সন্তোপ্ত পরিবারের প্রতি গভীর সহানুভূতি ও সমবেদনা জ্ঞাপন করছে।

| ক্রম নং | মৃত ব্যক্তির নাম ও পদবী | কর্মস্থল | মৃত্যুর তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ বাবুল মিয়া, নিরাপত্তা প্রহরী | লতিফ বাওয়ানী জুট মিলস্ লিঃ | ১২/০৫/২০১৫ বেলা ১২-৩০ |
| ২ | জনাব মোস্তাফা, রিলিভার স্পিনার | করিম জুট মিলস্ লিমিটেড | ০৯/০৫/২০১৫ বেলা ১২-৩০ |
| ৩ | জনাব মোঃ আফজাল হোসেন মৃধা (বীর মুক্তিযোদ্ধা), নিরাপত্তা প্রহরী | ষ্টার জুট মিলস্ লিমিটেড | ০২/০৫/২০১৫ বেলা ১২-৩০ |
| ৪ | জনাব দুলাল মিয়া, শ্রমিক | করিম জুট মিলস্ লিঃ | ২৫/০৪/২০১৫ রাত- ৩-৩০ |
| ৫ | জনাব মোঃ আতিয়ার রহমান, মোটা তাঁতী | ইস্টার্ন জুট মিলস্ লিঃ | ১৪/০৪/২০১৫ রাত- ১-৩০ |
| ৬ | জনাব মোঃ আব্দুর রশিদ, সহ-পাটক্রয় কর্মকর্তা | বিজেএমসি, প্রধান কার্যালয় | ০৮/০৪/২০১৫ বেলা- ১১-০০ |
| ৭ | জনাব মোঃ মামুনুর রহমান আকুঞ্জী, সাহায্যকারী | ইস্টার্ন জুট মিলস লিঃ | ০৩/০৪/২০১৫ সন্ধা- ৭-১৫ |
| ৮ | জনাব মোঃ ইলিয়াস, মোটা তাঁতী | গুল আহমদ জুট মিলস্ লিমিটেড | ২৯/০৫/২০১৫ রাত- ১০-৩০ |

## শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত

খুলনা অঞ্চলের মিল সমূহের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে গত ১৮ মে ২০১৫ তারিখে জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক ও লিয়াজোঁ কর্মকর্তা, বিজেএমসি, খুলনা অঞ্চল এর সভাপতিত্বে প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ এর বোর্ডকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় ৯টি মিলের প্রকল্প প্রধানগণ উপস্থিত ছিলেন। সভায় সরকারি সিদ্ধান্ত মোতাবেক শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য প্রতিটি মিলের জন্য মিলের প্রকল্প প্রধানকে আহ্বায়ক করে ৭ সদস্যের কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটির অন্যান্য সদস্যরা হলেন (১) হিসাব বিভাগীয় প্রধান (২) প্রশাসন বিভাগীয় প্রধান (৩) উৎপাদন বিভাগীয় প্রধান (৪) রক্ষণাবেক্ষন বিভাগীয় প্রধান (৫) পাট বিভাগীয় প্রধান এবং (৬) ভান্ডার ক্রয় বিভাগীয় প্রধান। সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে কমিটি প্রতিমাসে মিলে ১ টি করে মোটিভেশন সভা করবেন।

## ম্যান্ডেটরী প্যাকেজিং এ্যাক্ট বাস্তবায়ন সংক্রান্ত

ম্যান্ডেটরী প্যাকেজিং এ্যাক্ট ২০১০ বাস্তবায়নের ক্ষেত্রে বিজেএমসির মিল সমূহের করনীয়ের বিষয়ে পাট অধিদপ্তরের পরিচালক ও যুগ্ম সচিব জনাব মোঃ মিজানুর রহমান এর সভাপতিত্বে গত ৯ই মে ২০১৫ ইং তারিখে প্লাটিনাম জুবিলী জুট মিলস্ লিঃ এর গেষ্ট হাউজে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিজেএমসির পরিচালক (গমানি) ও যুগ্ম সচিব জনাব বাবুল চন্দ্র রায়। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজেএমসি খুলনা অঞ্চলের লিয়াজোঁ কর্মকর্তা ও বিজেএমসির আওতাধীন খুলনা অঞ্চলের ৯টি মিলের প্রকল্প প্রধানগণ। সভায় সভাপতি ম্যান্ডেটরী প্যাকেজিং এ্যাক্ট বাস্তবায়নের জন্য বিজেএমসির মিলসমূহকে হেসিয়ান পণ্য (বস্তা) উৎপাদনের পরামর্শ প্রদান করেন। কিন্তু মিলের প্রকল্প প্রধানগণ জানান বিজেএমসি স্যাকিং পণ্য (বস্তা) সরবরাহের সুযোগ পেলে বর্ণিত আইন বাস্তবায়নের ক্ষেত্রে বেশি ফলপ্রসূ হবে।

## বিজেএমসির পরিচালক (অর্থ) কর্তৃক খুলনা অঞ্চলের মিলসমূহ পরিদর্শন

বিজেএমসির পরিচালক (অর্থ) ও যুগ্ম সচিব জনাব মোঃ সিরাজুল ইসলাম গত ১৪ মে থেকে ১৭ মে পর্যন্ত খুলনা অঞ্চলের মিল সমূহ পরিদর্শন করেন। তিনি পরিদর্শনকালে ১৬ মে ২০১৫ তারিখে খুলনা অঞ্চলের বিজেএমসির আওতাধীন সকল মিলের প্রকল্প প্রধান এবং হিসাব ও অর্থ বিভাগীয় প্রধানদের নিয়ে একটি সভা করেন। সভায় অডিট আপত্তি দ্রুত নিস্পত্তিকরন, মামলা মোকদ্দমা দ্রুত নিস্পত্তির জন্য জোরালো পদক্ষেপ গ্রহণ, আর্থিক শৃংখলা সুরক্ষা এবং মিলগুলির স্বাবলম্বী হওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। পরিচালক (অর্থ) মহোদয় এন্টারপ্রাইজ বোর্ডের চেয়ারম্যান হিসেবে দৌলতপুর এবং জেজেআই মিলের প্রকল্প প্রধান ও সকল বিভাগীয় প্রধানদের নিয়ে পৃথক মতবিনিময় সভা করেন। পরিচালক মহোদয় খুলনা জোনের মিল সমূহ পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন এবং মিলগুলোকে স্বাবলম্বী হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

## বিজেএমসি'র সচিব এর বিদায়ী সংবর্ধনা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১৩২.০১৯.০০.০০.০০৩.২০১৪-৪৩২, তারিখ: ০৫/০৫/২০১৫ মোতাবেক এ সংস্থার সচিব জনাব আবদুন নূর মুহম্মদ আল ফিরোজ, উপ-সচিব, পরিচিতি নং- ৫৮০২ কে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা হিসেবে বদলী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন অনুসারে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আইন কর্মকর্তা হিসেবে যোগদানের জন্য তাঁকে গত ১৯/০৫/২০১৫ তারিখ অপরাহ্নে বিজেএমসি হতে বিমুক্ত করা হয়।



*চেয়ারম্যান মহোদয় কর্তৃক সচিবকে বিদায়ী ক্রেস্ট প্রদান*



*সচিবের বিদায়ী সংবর্ধনা*

জনাব আ ন ম আল ফিরোজ সরকারি আদেশ মোতাবেক বদলী হয়ে যাওয়ায় তাঁর এ প্রতিষ্ঠান হতে বিমুক্তির দিন তথা ১৯/০৫/২০১৫ তারিখে তাঁকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়। বিদায়ী ভাষণে তিনি তাঁকে সুষ্ঠুভাবে কাজের সুযোগ প্রদানের জন্য সংস্থার চেয়ারম্যান মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সেইসাথে প্রশাসন বিভাগের সকল শাখার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের উপস্থিতিতে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

## মিলের উৎপাদন কার্যক্রম সংক্রান্ত

বিজেএমসি'র মিলগুলোতে যে সকল প্রচলিত পণ্য উৎপাদিত হয় তা হলো: হেসিয়ান কাপড় ও ব্যাগ, ভেজিটেবল ওয়েল ট্রিয়েটিড (VOT) হেসিয়ান কাপড় ও ব্যাগ, স্যাকিং কাপড় ও ব্যাগ, কার্পেট ব্যাকিং ক্লথ (CBC); জিও জুট (নদী ভাঙ্গন রোধে); বিভিন্ন ধরনের সুতলী; ডিডিএফ নামক বিজেএমসির অধীনস্থ একটি মিল বর্তমানে কিছু কিছু অপ্রচলিত পাটপণ্য উৎপাদন শুরু করেছে। এছাড়া বাকী ২টি নন-জুটমিল, বিজেএমসি'র মিলগুলির জন্য বিভিন্ন যন্ত্রাংশ এবং ১টি মিল পাট ও প্লাস্টিক মিলিয়ে বিভিন্ন ধরনের টেবিল, চেয়ার ইত্যাদি তৈরী করে থাকে।



*মিলে পাটপণ্য উৎপাদনে নিয়োজিত শ্রমিক*



*মিলে উৎপাদিত পণ্য*

## বিজেএমসির প্রশিক্ষন সংক্রান্ত তথ্যাদি

বিজেএমসি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকায় এডভান্সড কম্পিউটার কোর্স পরিচালনা করা হচ্ছে। ইতোমধ্যে এলডিএ/ইউডিএ এবং এসিও/সহঃ ব্যবস্থাপক ও তদূর্ধো পর্যায়ে ৩৩টি ব্যাচে ৬৫১ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ কম্পিউটার এখন পর্যন্ত




*প্রশিক্ষণার্থীদের সাথে চেয়ারম্যান মহোদয়*



*প্রশিক্ষণ শেষে চেয়ারম্যান মহোদয় কর্তৃক সনদ বিতরণ*

সঠিকভাবে পরিচালনা করতে পারেন না তাদের প্রত্যেককে বিভিন্ন ব্যাচে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ হস্ত পরিণত করার প্রক্রিয়া চলমান রয়েছে। বিজেএমসি'র আওতাধীন চট্টগ্রামস্থ গুল আহমদ জুট মিলস্ লিঃ এবং যশোরস্থ যশোর জুট ইন্ডাষ্ট্রিজ লিঃ চত্বরে একটি করে মোট ২টি প্রশিক্ষণ কেন্দ্র আছে। উক্ত কেন্দ্রগুলিতে সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের তিন মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ এবং রিফ্রেসার কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এ পর্যন্ত কেন্দ্র দু'টি হতে ৮৩৪ জন কর্মকর্তাকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নতুন নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তাগণকে স্ব স্ব কর্মস্থলে যোগদানের পূর্বে প্রধান কার্যালয়ে Orientation গ্রহণ করতে হয়। এছাড়া, নিরাপত্তা প্রহরীগণের দক্ষতা বৃদ্ধির জন্য বিজেএমসি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনার অধীনে ক্রিসেন্ট জুট মিলে নিরাপত্তা প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে। এ পর্যন্ত ১২টি কোর্সে ৭৮৮ জনকে নিরাপত্তা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, বিজেএমসি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, (গুল আহমদ জুট মিলস্ লিঃ) চট্টগ্রামে ও খুলনায় কর্মচারী ও বিভিন্ন ক্যাটাগরির (সর্দার, লাইন সর্দার, চার্জহ্যান্ড, মিস্ত্রি, ফ্লোরের ইউডিএ, এলডিএ ইত্যাদি) শ্রমিকদের জন্য বিভিন্ন ব্যাচে "প্রডাকটিভিটি ইমপ্রুভমেন্ট কোর্স" পরিচালিত হচ্ছে। এ পর্যন্ত ৯৮২ জন শ্রমিককে এ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## ১৯৮৪ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত ০৯ টি জাতীয় রেকর্ডসহ মোট ১১ টি স্বর্ণ পদক অর্জনকারী জ্যোৎস্না আক্তার বিজেএমসির ক্রীড়াক্ষেত্রে এক উজ্জ্বল নক্ষত্র

১৯৮৪ সালে বিজেএমসির নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ জুট মিলস্ লিঃ এ ক্রীড়াবিদ হিসেবে জনাব জ্যোৎস্না আক্তার যোগদান করেন। অতঃপর টানা ১২ বছর (১৯৮৪-১৯৯৬ পর্যন্ত) জাতীয় পর্যায়ে এ্যাথলেটিক্স এর বর্শা নিক্ষেপে ০৬টি জাতীয় রেকর্ডসহ মোট ১১টি স্বর্ণ পদক ও জাতীয় মহিলা ভারোত্তোলনে ২০০০ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত ০৩টি জাতীয় রেকর্ডসহ ০১টি রৌপ্য পদক অর্জন করেন। তিনি ক্রীড়াক্ষেত্রে অধিকতর যোগ্যতা অর্জনের জন্য জুন ২০১৩ সালে আইএএফ হতে সিইসিএস লেভেল-১ 'ইয়ুথ কোচ' (এ্যাথলেটিকস্) কোর্স এবং জুন ২০১৩ সালে বাংলাদেশ কাবাডি ফেডারেশন কর্তৃক কাবাডি রেফারী প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেন। এই বর্ণিল ক্রীড়াবিদ খেলাধুলা থেকে ২০০৮ সালে অবসর গ্রহণ করেন। অবসর নেয়ার পর ২০০৮ সালে বিজেএমসির নিয়ন্ত্রনাধীন করিম জুট মিলে উৎপাদন বিভাগে (ব্যাচিং) যোগদান করেন। সেখানে থাকা অবস্থায় কর্তৃপক্ষ ২০১০ সালে মান নিয়ন্ত্রণ বিভাগের ইনচার্জ এর দায়িত্ব দেন। বর্তমানে তিনি বিজেএমসি'র ক্রীড়া বিভাগে উপ-ব্যবস্থাপক হিসেবে কর্মরত আছেন।



জ্যোৎস্না আক্তার

বিজেএমসির ক্রীড়াক্ষেত্রে এক উজ্জ্বল নক্ষত্র

### অন্যান্য পুরস্কার

১৯৮৭ সালে বাংলাদেশ ক্রীড়া প্রশিক্ষণ সমিতি কর্তৃক দেশের সেরা এ্যাথলেট ঘোষণা করেন।

১৯৯০ সালে বাংলাদেশ ক্রীড়া লেখক সমিতি কর্তৃক দেশের সেরা এ্যাথলেট পুরস্কারে ভূষিত হন।

১৯৯১ সালে বাংলাদেশ ক্রীড়া সাংবাদিক সংস্থা বিশেষ পুরস্কার প্রদান করেন।

১৯৯২ সালে বি-বাড়ীয়া জেলার নবীনগর এর তিতাস পুরস্কারে ভূষিত হন।

২০০৩ সালে বৃহত্তর কুমিল্লা সাংস্কৃতিক ফোরাম স্বর্ণপদক প্রদান করেন।

২০১১ সালে বাংলাদেশ পাটকল করপোরেশন বিশেষ পুরস্কার প্রদান করেন।

## মহান মে দিবস উদযাপন

বিজেএমসি কেন্দ্রীয় কর্মচারী সংসদ সিবিএ'র উদ্যোগে মহান মে দিবস ও আন্তর্জাতিক সংহতি দিবস উপলক্ষ্যে শ্রমিক র‍্যালি শেষে বিজেএমসি প্রধান কার্যালয়ের সিবিএ কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সিবিএ'র সভাপতি জনাব জায়েদ আহমদ। সভায় বক্তব্য রাখেন সিবিএ'র সাধারণ সম্পাদক শওকত আলী, সহ-সভাপতি গোলাম মাওলা, সাংগঠনিক ও প্রচার সম্পাদক মাহফুজুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ। সভায় বক্তাগণ কলকারখানায় খেটে খাওয়া সকল শ্রমজীবী মানুষের অধিকার আদায়ে রক্তঝরা সংগ্রামের গৌরবময় ইতিহাস নিয়ে আলোচনা করেন। আলোচনা শেষে শ্রমজীবী মানুষের অধিকার আদায়ের সংগ্রামে যারা বুকের রক্ত দিয়ে প্রাণ হারিয়েছেন তাদের সকলের রূহের মাগফেরাত কামনা করা হয়।




*'মে' দিবস উপলক্ষ্যে সিবিএ-এর আলোচনা*

## ক্রীড়া ক্ষেত্রে বিজেএমসি'র সাফল্য

ক্রীড়া ক্ষেত্রে বিজেএমসির সুনাম দীর্ঘদিনের। বিজেএমসি জন্মলগ্ন থেকেই ক্রীড়া ক্ষেত্রে বিশেষ অবদান রেখে আসছে। বিজেএমসি'র বিভিন্ন ক্রীড়াদল জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন ও রানার্স আপ অর্জনের মাধ্যমে বিজেএমসির সুনাম বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিজেএমসির সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথা বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়গণের ইচ্ছায় আবার বিজেএমসি বিভিন্ন খেলায় ফিরে আসে। বর্তমানে বিজেএমসি পুরুষ ও মহিলা ফুটবল ও মহিলা হ্যান্ডবলসহ মোট ১১টি ডিসিপ্লীনে জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করে সফলতার স্বাক্ষর রেখে চলেছে।

### ১. পশ্চিমবঙ্গ বনাম বাংলাদেশ Friendship Handball Match-2015

বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশনের সার্বিক ব্যবস্থাপনায় ঢাকাস্থ হ্যান্ডবল স্টেডিয়ামে গত ২৭ মে হতে ১লা জুন ২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত West Bengal VS Bangladesh Friendship Match-এ বিজেএমসির মহিলা হ্যান্ডবল দল অংশ গ্রহণ করে। উক্ত প্রতিযোগিতার ফাইনালে ২৪-২০ গোলে West Bengal Team কে হারিয়ে বিজেএমসি দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



*বিজেএমসি'র বিজয়ী মহিলা হ্যান্ডবল দলের সাথে চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ*

### ২. বিজেএমসি মহিলা হ্যান্ডবল টিম চ্যাম্পিয়ন

২৫তম এক্সিম ব্যাংক জাতীয় মহিলা হ্যান্ডবল প্রতিযোগিতা ১৯-২২ এপ্রিল ২০১৫ ঢাকাস্থ হ্যান্ডবল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণ করে ১৮টি দল। অংশগ্রহণকারী আঠারটি দলের হাড্ডাহাড্ডি লড়াই শেষে ২২/০৪/২০১৫ তারিখে বিজেএমসি ও আনসার দলের চূড়ান্ত খেলায় বিজেএমসি ২৪-১৫ গোলে বাংলাদেশ আনসার দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বিজেএমসি'র সুনাম বৃদ্ধি করেছে। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এফবিসিসিআই এর সভাপতি কাজী আকরাম উদ্দিন, বিজেএমসির চেয়ারম্যান মেজর জেনারেল হুমায়ূন খালেদ (অবঃ), হ্যান্ডবল ফেডারেশন এর কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



বিজেএমসি'র মহিলা হ্যান্ডবল দলের সাথে সংস্থার চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ


আদমজী কোর্ট (এনেক্স-১), মতিঝিল, ঢাকা-১০০০

পিএবিএক্স: (+ ৮৮০-২) ৯৫৫৮১৮২-৬, ৯৫৫৮১৯২-৬

ফ্যাক্স: (+ ৮৮০-২) ৯৫৬৭৫০৮, (+ ৮৮০-২) ৯৫৬৪৭০

ই-মেইল: bjmc.bd@gmail.com, ওয়েব সাইট: www.bjmc.gov.bd